



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং- ১৮০২

তারিখঃ ১১/০৩/২০২০


করোনা ভাইরাসঃ সচেতন হোন, নিরাপদ থাকুন

বিষয়ঃ করোনা ভাইরাস রোগ প্রতিরোধে জনসমাগম এড়িয়ে চলা।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যাচ্ছে সরকার ইতোমধ্যে করোনা ভাইরাস সংক্রমণ রোধে প্রয়োজনীয় নির্দেশনা দিয়েছে। এ ভাইরাস সংক্রমণ রোধে সবার সতর্কতা ও সচেতনতা প্রয়োজন। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীন সকল অফিস ও শিক্ষা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট সকলকে এ পরিস্থিতি মোকাবেলায় জনসমাগম এড়িয়ে চলার পরামর্শ দেয়া হলো।

এ পরিপ্রেক্ষিতে শিক্ষা প্রতিষ্ঠানের সাংস্কৃতিক, ক্রীড়া ও অন্যান্য যে অনুষ্ঠানসমূহে জনসমাগম হয় সে অনুষ্ঠানসমূহ আয়োজনের সূচি পুনর্বিন্যাস করে পরবর্তীতে আয়োজনের নির্দেশনা দেয়া হলো। এছাড়া পুনরাদেশ না দেয়া পর্যন্ত প্রাত্যহিক সমাবেশ শ্রেণি কক্ষগুলোতে আয়োজন করতে হবে। সেখানেই জাতীয় সঙ্গীত গাওয়াসহ অন্যান্য কার্যক্রম পরিচালিত হবে।

করোনা ভাইরাস রোগ প্রতিরোধে রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর) এর ওয়েবসাইটে প্রকাশিত করোনা ভাইরাসের তথ্য সম্বলিত নির্দেশনা ও পরামর্শ অনুসরণীয়। **জরুরী প্রয়োজনে আইইডিসিআর এর করোনা কন্ট্রোল রুমে (০১৭০০-৭০৫৭৩৭) অথবা হটলাইন নম্বরে (০১৯৩৭-১১০০১১, ০১৯৩৭-০০০০১১, ০১৯২৭-৭১১৭৮৪, ০১৯২৭-৭১১৭৮৫) যোগাযোগ করুন।**

 ১১.০৩.২০২০

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা

